[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

“[redacted]” [redacted]

[redacted]

[redacted]

[

[redacted]

[redacted]

[redacted]

[

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

লিবিয়া থেকে দেশে ফিরছেন আরও ১৭৬ বাংলাদেশি

অবৈধভাবে লিবিয়া গিয়ে আটক, নির্যাতন ও অপহরণের শিকার ১৭৬ বাংলাদেশি দেশে ফিরেছেন। আজ বৃহস্পতিবার সকাল পৌনে ১০টার দিকে বুরাক এয়ারের একটি ফ্লাইটে ঢাকার হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছান তারা।

পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ দূতাবাস, ত্রিপলী, লিবিয়া, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং আন্তর্জাতিক অভিবাসন সংস্থার (আইওএম) সহযোগিতায় দেশে ফিরছেন এসব বাংলাদেশি।

পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, এই ১৭৬ জনের মধ্যে ১৭২ জন ত্রিপোলীর তাজুরা ডিটেনশন সেন্টারে আটক ছিলেন। চারজন আইওএম’র আশ্রয় কেন্দ্রে ছিলেন।

প্রত্যবসিত বাংলাদেশিদের বেশিরভাগই সমুদ্রপথে অবৈধভাবে ইউরোপ গমনের উদ্দেশে মানবপাচারকারীদের প্ররোচণা ও সহযোগিতায় লিবিয়ায় অনুপ্রবেশ করেন বলে জানা গেছে। তাদের অধিকাংশই লিবিয়ায় বিভিন্ন সময়ে অপহরণ ও নির্যাতনের শিকার হয়েছেন।

দেশে ফেরত আসার পর এই ভয়ংকর পথ পাড়ি দিয়ে আর যেন কেউ লিবিয়ায় না যায় এ বিষয়ে তাদেরকে সচেতন হওয়ার জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তারা সবাইকে আহ্বান জানান।

আইওএম’র পক্ষ থেকে লিবিয়া থেকে প্রত্যাবাসনকৃত প্রত্যেককে ছয় হাজার টাকা, কিছু খাদ্য সামগ্রী, মেডিক্যাল চিকিৎসা দেওয়ার পাশাপাশি প্রয়োজন অনুযায়ী অস্থায়ী বাসস্থানের ব্যবস্থা করা হয়েছে।

ত্রিপোলীর বাংলাদেশ দূতাবাস জানিয়েছে, লিবিয়ার বিভিন্ন ডিটেনশন সেন্টারে আটক বাংলাদেশি নাগরিকদের নিরাপদ প্রত্যাবাসনের লক্ষ্যে স্থানীয় কর্তৃপক্ষ ও আইওএম-এর সঙ্গে নিবিড়ভাবে কাজ করে যাচ্ছে।

সূত্র: যুগান্তর

[redacted]

[redacted]

১০ জনের রিয়ালকে হারের হাত থেকে বাঁচাল এমবাপ্পের জোড়া পেনাল্টি

কিলিয়ান এমবাপ্পের জোড়া পেনাল্টিতে চ্যাম্পিয়নস লিগে জয় দিয়ে যাত্রা শুরু করেছে রিয়াল মাদ্রিদ। মঙ্গলবার রাতে ১৫ বারের রেকর্ড চ্যাম্পিয়নরা ২-১ গোলে ঘুরে দাঁড়িয়ে হারিয়েছে অলিম্পিক মার্শেইকে।

ম্যাচের শুরুটা ভালো ছিল অতিথি মার্শেইয়ের জন্য। মেসন গ্রিনউড বল কাড়েন আর্দা গুলারের কাছ থেকে এবং টিমোথি উইয়াহকে পাস দেন। তিনি ঠান্ডা মাথায় গোলরক্ষক থিবো কোরতোয়ার পাশ দিয়ে বল পাঠান জালে। মার্শেইয়ের জার্সিতে এটাই ছিল তার প্রথম গোল।

এরপরই ম্যাচে উত্তেজনা তৈরি হয়। একের পর এক আক্রমণ চালালেও প্রথমার্ধে গোলের দেখা পায়নি রিয়াল। অবশেষে রদ্রিগো গোয়েসকে জিওফ্রে কন্দগবিয়া ফাউল করলে পেনাল্টি পায় মাদ্রিদ। সেখান থেকে নির্ভুল শটে গোল করেন এমবাপ্পে।

দ্বিতীয়ার্ধে মার্শেইও চেষ্টা চালিয়ে যায়। পিয়েরে এমেরিক অবামেয়াংয়ের শট অল্পের জন্য বাইরে যায়। পরে কোরতোয়া তাঁকে আরও একবার গোল বঞ্চিত করেন।

এ সময় ম্যাচের রঙ পাল্টে যায় দানি কারভাহালের কারণে। মার্শেইয়ের গোলরক্ষক জেরোনিমো রুইয়ির সঙ্গে ধাক্কাধাক্কিতে জড়িয়ে পড়েন তিনি। মাথা ঠেকিয়ে দেওয়ায় লাল কার্ড দেখেন কারভাহাল। ফলে ১০ জন নিয়ে মাঠে নামতে হয় মাদ্রিদকে।

তবু নাটক বাকি ছিল। ভিনিসিয়ুস জুনিয়রকে থামাতে গিয়েছিলেন মার্শেইয়ের ডিফেন্ডার ফাকুন্ডো মেদিনা। রেফারির মনে হয় বল লেগেছে হাতে, পেনাল্টির বাঁশি বাজান তিনি। সেখান থেকে আবারও গোল করে রিয়ালকে জয়সূচক লিড এনে দেন এমবাপ্পে।

রিয়ালের কোচ জাবি আলোনসোর জন্য এটি ছিল ইউরোপীয় আসরে প্রথম ম্যাচ। সে লড়াইয়ে শেষ পর্যন্ত ২-১ গোলের জয়ে পূর্ণ তিন পয়েন্ট নিয়েই মাঠ ছাড়ে রিয়াল মাদ্রিদ। এই জয়ে নতুন মৌসুমে ইউরোপীয় অভিযানে শুভ সূচনা হলো তাদের।

নেপালে জেন-জি বিক্ষোভে নিহত বেড়ে ৫১

নেপালে চলমান ‘জেনারেশন জেড’ বা ‘জেন-জি’ বিক্ষোভে দেশটির পুলিশের দেওয়া তথ্য অনুযায়ী এখন পর্যন্ত হয়েছেন অন্তত ৫১ জন। এছাড়া বর্তমানে ২৮৪ আহত ব্যক্তি চিকিৎসাধীন রয়েছেন।

নেপাল পুলিশের মুখপাত্র ডিআইজি বিনোদ ঘিমিরে জানিয়েছেন, নিহতদের মধ্যে ২১ বিক্ষোভকারী, তিন পুলিশ সদস্য, ৯ বন্দি, ১৮ জন অন্যান্য ও একজন ভারতীয় নারী রয়েছেন। খবর দি হিমালয়ান টাইমসের।

অন্যদিকে, স্বাস্থ্য ও জনসংখ্যা মন্ত্রণালয়ের সচিব ড. বিকাশ দেবকোটা বলেছেন, সারা দেশের ৫২টি বিভিন্ন হাসপাতালে বর্তমানে ২৮৪ জন আহত ব্যক্তি চিকিৎসাধীন।

ড. বিকাশ দেবকোটা আরও জানান, এক হাজার ৭৭১ জনেরও বেশি আহত ব্যক্তিকে চিকিৎসা দেওয়ার পর হাসপাতাল থেকে ছেড়ে দেওয়া হয়েছে।

নেপাল প্রেসের তথ্য অনুযায়ী, বিক্ষোভের সময় দেশের বিভিন্ন কারাগার থেকে মোট ১৪ হাজার ৩০৭ জন বন্দি পালিয়ে গেছে।

বিক্ষোভের কারণ

সরকার ফেসবুক, এক্স ও ইউটিউবসহ ২৬টি সামাজিক যোগাযোগমাধ্যম প্ল্যাটফর্ম নিষিদ্ধ করার পর ‘জেন জেড’ নামে পরিচিত তরুণদের নেতৃত্বে এই বিক্ষোভ শুরু হয়। গত সোমবার (৮ সেপ্টেম্বর) পুলিশ জনতার ওপর গুলি চালালে অন্তত ১৯ জন নিহত হয়, যার মধ্যে অনেকেই স্কুল-কলেজের ইউনিফর্ম পরা শিক্ষার্থী।

নিষেধাজ্ঞা তুলে নেওয়া হলেও পুলিশের গুলিতে নিহতদের প্রতি ক্ষোভ ও সরকারের দুর্নীতির বিরুদ্ধে জনরোষের কারণে বিক্ষোভ অব্যাহত থাকে। বিক্ষোভকারীরা বেশ কিছু শীর্ষ নেতার বাড়িতে ও সংসদ ভবনে আগুন ধরিয়ে দেয়। কাঠমাণ্ডু বিমানবন্দর বন্ধ করে দেওয়া হয় ও সেনাবাহিনীর হেলিকপ্টার ব্যবহার করে কিছু মন্ত্রীকে নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হয়।

এদিকে শুক্রবার (১২ সেপ্টেম্বর) নেপালের সাবেক প্রধান বিচারপতি সুশীলা কার্কি দেশটির প্রেসিডেন্টের কার্যালয় ‘শীতল নিবাসে’ এক বিশেষ অনুষ্ঠানে অন্তর্বর্তী সরকারের প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন। দেশটির ভাইস প্রেসিডেন্ট, প্রধান বিচারপতি, উচ্চপদস্থ সরকারি কর্মকর্তা, নিরাপত্তা প্রধান ও কূটনীতিকদের উপস্থিতিতে তাকে শপথবাক্য পাঠ করান নেপালের প্রেসিডেন্ট রামচন্দ্র পাওডেল।

প্রেসিডেন্ট রামচন্দ্র পাওডেল সংবিধানকে সমুন্নত রাখা ও জাতীয় ঐক্যকে উৎসাহিত করার জন্য রাষ্ট্রপ্রধান হিসেবে অর্পিত সাংবিধানিক ক্ষমতা প্রয়োগ করে সুশীলা কার্কিকে এই পদে নিয়োগ দেন। প্রধানমন্ত্রীর সুপারিশক্রমে তিনি অন্তর্বর্তী সরকারকে ছয় মাসের মধ্যে নতুন সংসদীয় নির্বাচন আয়োজনের নির্দেশ দিয়েছেন।

ইসরায়েলি হামলায় ইয়েমেনে নিহতের সংখ্যা বেড়ে ৪৬

ইয়েমেনের স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে, ইসরায়েলের হামলায় নিহতের সংখ্যা বেড়ে ৪৬ জনে দাঁড়িয়েছে এবং আহত হয়েছে ১৬৫ জন।

ইসরায়েল বুধবার ইয়েমেনের রাজধানী সানা ও উত্তরাঞ্চলীয় আল-জাওফ প্রদেশে হামলা চালিয়েছে। এটি গাজা যুদ্ধের প্রভাব থেকে ইয়েমেনে ইসরায়েল-হুথি পাল্টাপাল্টি হামলার সর্বশেষ ঘটনা।

এর আগে ৩০ আগস্ট সানায় চালানো হামলায় সরকারপ্রধান এবং কয়েকজন মন্ত্রী নিহত হন।

এটাই ছিল প্রথমবারের মতো কোনো হামলা, যেখানে উচ্চপর্যায়ের কর্মকর্তাদের টার্গেট করা হয়।
ইসরায়েলি সেনাবাহিনী এক বিবৃতিতে বলেছে, ‘হুথি সন্ত্রাসীগোষ্ঠী কর্তৃক ইসরায়েল রাষ্ট্রের বিরুদ্ধে চালানো হামলার জবাবেই এ হামলা চালানো হয়েছে। ওই হামলায় ইসরায়েলের ভূখণ্ডের দিকে ড্রোন ও সারফেস-টু-সারফেস ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করা হয়েছিল।’

সূত্র: কালের কন্ঠ

নেপালে বিক্ষোভকারীদের আগুনে পুড়ল সংসদ ভবন

কাঠমান্ডুসহ নেপালের বিভিন্ন শহরে টানা সহিংস বিক্ষোভের মধ্যে মঙ্গলবার সংসদ ভবনে আগুন ধরিয়ে দিয়েছে বিক্ষুব্ধ জনতা। এর আগে প্রাণঘাতী দমন–অভিযান ও ক্রমবর্ধমান রাজনৈতিক চাপের মুখে পদত্যাগ করেছেন প্রধানমন্ত্রী কেপি শর্মা অলি।

সংসদ সচিবালয়ের মুখপাত্র একরাম গিরি সংবাদমাধ্যমকে জানান, ‘শতাধিক বিক্ষোভকারী সংসদ ভবনের ভেতরে ঢুকে পড়ে এবং মূল ভবনে অগ্নিসংযোগ করে।’

দ্রুত ঘটনাস্থলে বিপুল নিরাপত্তা বাহিনী মোতায়েন করা হলেও ভবনের বড় অংশ দাউদাউ করে জ্বলতে দেখা গেছে।

অলি তার পদত্যাগপত্রে লিখেছেন, বর্তমান সংকটের ‘সংবিধানসম্মত সমাধানের পথ তৈরি করতে’ তিনি সরে দাঁড়াচ্ছেন। তবে রাজনৈতিক বিশ্লেষকরা বলছেন, দিন দিন বিক্ষোভ তীব্র হওয়ায় এবং জনগণের চাপ চরমে পৌঁছানোয় তার পদত্যাগ অবশ্যম্ভাবী হয়ে উঠেছিল।

মঙ্গলবার সকাল থেকেই রাজধানী কাঠমান্ডু ও দেশের বিভিন্ন অঞ্চলে বিক্ষোভকারীরা রাজপথ দখল করে বিক্ষোভ চালান। অলি ও সাবেক প্রধানমন্ত্রী শের বাহাদুর দেউবাসহ একাধিক শীর্ষ নেতার বাড়িতে হামলা চালানো হয়। শাসক দল ও বিরোধী দলের কার্যালয়ও ভাঙচুর ও

অগ্নিসংযোগের শিকার হয়েছে।

এদিকে সিভিল সার্ভিস হাসপাতালের নির্বাহী পরিচালক মোহন রেগমি বিবিসিকে জানিয়েছেন, মঙ্গলবারের বিক্ষোভে দুইজন নিহত হয়েছেন এবং অন্তত ৯০ জন বর্তমানে হাসপাতালে চিকিৎসাধীন। নিহতের সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

রাজনৈতিক অস্থিরতা ও প্রাণহানির ঘটনার পর নেপালজুড়ে পরিস্থিতি ক্রমেই উত্তপ্ত হয়ে উঠছে। আইনশৃঙ্খলা বাহিনী ব্যাপক তৎপরতা চালালেও বিক্ষোভকারীদের দমাতে পারছে না। আন্দোলনকারীরা শুধু নেতৃত্ব পরিবর্তন নয়, দেশের রাজনৈতিক ব্যবস্থায় মৌলিক সংস্কার ও জবাবদিহি নিশ্চিতের দাবিতে অনড় রয়েছেন।

সুত্র: যুগান্তর।